# বাংলাদেশে আশ্রিত ৩ লাখ ৯ হাজার রোহিঙ্গাকে স্বীকৃতি মিয়ানমারের



সংগৃহীত ছবি

বাংলাদেশে অবস্থানরত প্রায় ৩ লাখ ৯ হাজার রোহিঙ্গাকে রাখাইন রাজ্যের সাবেক বাসিন্দা হিসেবে প্রথমবারের মতো স্বীকৃতি দিয়েছে মিয়ানমার। একই সঙ্গে রাখাইনের নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হলে তাদের দেশে ফেরানোর উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়।

আনাদোলু এজেন্সির প্রতিবেদনে বলা হয়েছে, মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়ায় এই স্বীকৃতিকে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে উল্লেখ করা হয়েছে।

রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে অতীতে একাধিকবার উদ্যোগ নেওয়া হলেও তা বাস্তবে বড় পরিসরে কার্যকর হয়নি। নাগরিকত্ব, নিরাপত্তা ও মৌলিক অধিকার নিশ্চিত করা নিয়ে উদ্বেগের পাশাপাশি রাখাইনে চলমান সংঘাতও প্রত্যাবাসন প্রক্রিয়াকে জটিল করে তুলেছে।

মিয়ানমারের সেনাবাহিনী ও আরাকান আর্মির সংঘাতের কারণে রাখাইনের পরিস্থিতি এখনও অস্থিতিশীল। ফলে রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনের বিষয়টি অনিশ্চিত হয়ে রয়েছে।

দীর্ঘদিন ধরে মিয়ানমারের মুসলিম সংখ্যালঘু রোহিঙ্গারা বৈষম্য, নিপীড়ন ও রাষ্ট্রহীনতার মধ্যে বসবাস করে আসছেন। ২০১৭ সালে সামরিক বাহিনীর দমন-পীড়নের পর বিপুলসংখ্যক রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে এসে আশ্রয় নেন।

বর্তমানে বাংলাদেশে ১৩ লাখের বেশি রোহিঙ্গা অবস্থান করছেন। এর বাইরে অনেকে ঝুঁকিপূর্ণ সমুদ্রপথে ইন্দোনেশিয়া, মালয়েশিয়াসহ বিভিন্ন দেশে যাওয়ার চেষ্টা করছেন।